# বাংলাদেশ ব্যাংক প্রেস বিজ্ঞপ্তি

**BANGLADESH BANK PRESS RELEASE**

বার্তা সম্পাদক

...................................

ঢাকা। সূত্র নং: ২০১৪-১১৩

তারিখ: ০৩ মার্চ, ২০১৪।

## মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে goAML সফটওয়্যার উদ্বোধন

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান ০৩ মার্চ, ২০১৪ তারিখ বিকাল ৪.০০টায় বাংলাদেশ ব্যাংকের জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে goAML software এর আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন। বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ও বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর প্রধান জনাব আবু হেনা মোহাঃ রাজী হাসান এর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর জনাব নাজনীন সুলতানা। স্বরাষ্ট্র মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, দুর্নীতি দমন কমিশন, সিআইডি (বাংলাদেশ পুলিশ), বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ইন্স্যুরেন্স ডেভেলপমেন্ট রেগুলেটরি অথরিটি এর প্রতিনিধিবৃন্দ এবং জনতা ব্যাংক লিঃ, বেসিক ব্যাংক লিঃ, ডাচ-বাংলা ব্যাংলা ব্যাংক লিঃ, প্রাইম ব্যাংক লিঃ, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, এক্সিম ব্যাংক লিঃ, স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক ও ইস্টার্ণ ব্যাংক লিঃ এর ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।




উদ্বোধনী অনুষ্ঠানের শুরুতে বিএফআইইউ এর অপারেশনাল হেড দেবপ্রসাদ দেবনাথ goAML Software এর উপর বিভিন্ন বৈশিষ্ট ও উপযোগিতা সম্পর্কে উপস্থাপনা প্রদান করেন।

উল্লেখ্য যে, মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধের লক্ষ্যে আন্তর্জাতিক মানদন্ড নির্ধারণী সংস্থা Financial Action Task Force (FATF) কর্তৃক জারীকৃত সুপারিশমালা পৃথিবীর সকল দেশের জন্য অবশ্য পরিপালনীয়। আন্তর্জাতিক এ সকল সুপারিশমালা পরিপালনের জন্য বাংলাদেশও অঙ্গীকারাবদ্ধ। মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধের লক্ষ্যে প্রণীত এ মানদন্ডে সকল দেশের এফআইইউ এর পরিচালনাগত স্বাতন্ত্র্য নিশ্চিত করা এবং এফআইইউকে শক্তিশালী করার সুপারিশ করা হয়েছে। FATF এর প্রেসিডেন্ট কর্তৃক বাংলাদেশের অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিতকে লিখিত সর্বশেষ পত্রেও বিএফআইইউ শক্তিশালী করার জন্য তাগাদা দেয়া হয়েছে। বাংলাদেশ সরকারের পক্ষ হতে বিএফআইইউকে আধুনিক এবং আন্তর্জাতিক মানে উন্নীত করার অঙ্গীকার করা হয়েছে। এ প্রেক্ষিতে বিএফআইইউকে আন্তর্জাতিক মানদন্ডে উন্নীত করার কর্মপরিকল্পনা গৃহীত হয়েছে। এরই ধারাবাহিকতায় আন্তর্জাতিক মানদন্ড বিবেচনায় BFIU Strengthening এর অংশ হিসেবে এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে অনলাইনে ডাটা গ্রহণ এবং বিশ্লেষণের নিমিত্তে UNODC হতে goAML Software সংগ্রহ করা হয়েছে। goAML একটি আর্ন্তজাতিক মানের Software। বর্তমানে ১৭টি দেশ goAML software ব্যবহার করছে। goAML Software একটি আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য Dedicated FIU Software। রিপোর্টিং সংস্থাসমূহ, বিভিন্ন সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এবং ব্যক্তিগত পর্যায়ে এ সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে অনলাইনে রিপোর্ট/তথ্য/মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন সম্পর্কিত সন্দেহজনক লেনদেন বা কর্মকান্ডের অভিযোগ দাখিল করতে পারবে। অনলাইনে সংগৃহীত তথ্যাদি এ সফটওয়্যারের ব্যবহারের মাধ্যমে বিএফআইইউ দ্রুত ও কার্যকরভাবে বিশ্লেষণপূর্বক আইনগত কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট তদন্তকারী সংস্থায় প্রেরণ করতে পারবে। goAML Software ব্যবহার করে এ সকল সংস্থার সাথে তথ্য বিনিময় সহজতর এবং তথ্যের নিরাপত্তা নিশ্চিত হবে। এর ফলে মানিলন্ডারিং এবং সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম বেগবান হবে।

অনুষ্ঠানের প্রধান অতিথি গভর্নর ড. আতিউর রহমান তার বক্তৃতায় এ ধরণের একটি Software Implementation এর ক্ষেত্রে বিএফআইইউ, ব্যাংক, Stakeholder প্রত্যেকেরই স্ব স্ব ভূমিকা পালনের উপর গুরুত্ব আরোপ করেন এবং সকলের সহযোগিতার জন্য

ধন্যবাদ জানান। তিনি আরো বলেন, রিপোর্ট প্রেরণের ক্ষেত্রে সকলের তাৎপর্যপূর্ণ ভূমিকা রয়েছে। ডাটার সঠিকতা নিশ্চিতকরণের জন্য সবাইকে সচেতন থাকতে তিনি পরামর্শ প্রদান করেন। তথ্যের সঠিকতা নিশ্চিত করা না গেলে সফটওয়্যার ব্যবহারের উদ্দেশ্য ব্যাহত হতে পারে বলে তিনি উল্লেখ করেন। তিনি আরো উল্লেখ করেন যে, মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রমে সম্প্রতি বাংলাদেশের প্রভূত অগ্রগতি সাধিত হয়েছে এবং এরই ধারাবাহিকতায় বাংলাদেশ সম্প্রতি ICRG Process হতে বেরিয়ে এসেছি। গভর্নর উল্লেখ করেন যে, সকলের সহযোগিতার কারণে এ অর্জন সম্ভব হয়েছে। এ জন্য সংশ্লিষ্ট সকলকে তিনি ধন্যবাদ জ্ঞাপন করেন।

অনুষ্ঠানের সভাপতি বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ও বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর প্রধান জনাব আবু হেনা মোহাঃ রাজী হাসান মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রমে বাংলাদেশের অর্জিত অগ্রগতির উল্লেখ করেন। তিনি বলেন যে, বাংলাদেশ ইতোমধ্যে Egmont Group এর সদস্যপদ লাভ করেছে। এর ফলে বিভিন্ন দেশের এফআইইউ এর সাথে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন সংশ্লিষ্ট সন্দেহজনক লেনদেনের তথ্য বিনিময়ের সুযোগ সৃষ্টি হয়েছে। ICRG Process হতে বেরিয়ে আসার প্রসঙ্গ উল্লেখ করে তিনি বলেন যে, এর ফলে বাংলাদেশ অর্থনৈতিক ক্ষেত্রে লাভবান হতে পারে। বাংলাদেশে বিদেশী বিনিয়োগ বৃদ্ধি পেতে পারে, বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে বাংলাদেশ অধিকতর লাভবান হবে এবং সর্বোপরি বর্হিবিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জলতর হবে। বাংলাদেশের এ অর্জন বাংলাদেশ সরকারের অঙ্গীকারের ফসল এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিএফআইইউ, দুদক, বাংলাদেশ পুলিশসহ সকল সংস্থার সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে সম্ভবপর হয়েছে। বাংলাদেশের এ অর্জনকে সংহত ও সমৃদ্ধ করার লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রয়েছে মর্মে তিনি উল্লেখ করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর জনাব নাজনীন সুলতানা, UNODC এর সিনিয়র সফটওয়্যার ইঞ্জীনীয়ার জনাব জীসান তাহির, বিএফআইইউ এর উপপ্রধান এবং বাংলাদেশে ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব ম. মাহফুজুর রহমান, সিআইডির প্রতিনিধি এবং Exim Bank Ltd এর ব্যবস্থাপনা পরিচালক ড. মোহাম্মদ হায়দার আলী মিয়া।

বক্তব্য অনুষ্ঠানের শেষে গভর্নর goAML Software এর আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন। আনুষ্ঠানিক উদ্বোধনের পরে এক্সিম ব্যাংক লিঃ এর পক্ষ হতে goAML Web ব্যবহার করে নগদ লেনদেন রিপোর্ট (CTR) দাখিল করা হয়।

ধন্যবাদান্তে,

এ.এফ.এম. আসাদুজ্জামান
মহাব্যবস্থাপক, গভর্নর সচিবালয়
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা।
Phone: 9566209 / 01711564680
E-mail: afm.asad@bb.org.bd / afm.asad@gmail.com